

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১০

নভেম্বর ০১, ২০১০
তারিখ :-----
কার্তিক ১৭, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

Master Circular - Single Borrower Exposure Limit

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ০৯, ২০০৫ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা গ্রুপভুক্ত সংস্থাকে যে কোন নির্দিষ্ট সময়ে কোন ব্যাংক-কোম্পানী কর্তৃক তার মোট মূলধনের ১৫% এর বেশী প্রত্যক্ষ ঋণ সুবিধা (Funded facilities) প্রদান করা যাবে না মর্মে নির্দেশনা রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে শেয়ার ব্রোকারেজ বা মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রমের উদ্দেশ্যে গঠিত একাধিক সাবসিডিয়ারী কোম্পানীকে কোন কোন ব্যাংক গ্রুপভুক্ত হিসাবে বিবেচনা না করে ঋণ প্রদান করছে যা Single Borrower Exposure Limit সংক্রান্ত উক্ত নীতিমালার সুস্পষ্ট লংঘন।

এতদপ্রেক্ষিতে, শেয়ার ব্রোকারেজ বা মার্চেন্ট ব্যাংকিং কার্যক্রমের উদ্দেশ্যে গঠিত কোন ব্যাংক-কোম্পানীর নিজস্ব পৃথক একাধিক সাবসিডিয়ারী কোম্পানীসমূহকে একই গ্রুপভুক্ত হিসাবে বিবেচনা করতঃ বর্ণিত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে ঋণ সুবিধা প্রদানের জন্য আপনাদেরকে পুনঃ পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ জাহাঙ্গীর আলম)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫